

২য় অনুরোধপত্র

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা

পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)

সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১০৫.১৮-

তারিখঃ ২৯ আশ্বিন ১৪২৫
১৪ অক্টোবর ২০১৮

বিষয়: রিট পিটিশন নং-৪৮৯৯/২০১১ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিলসহ অন্যান্য আইনানুগ পদক্ষেপ গ্রহণক্রমে টিএমইডিকে প্রমানকসহ অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) টিএমইডি এর স্মারক নং- শিম/আইন-সেল (রিট)-১৩৫/২০১২/১৯০


তারিখ: ৩০ জানুয়ারি, ২০১২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শাহজাহানপুর উপজেলাধীন কমরউদ্দিন ইসলামিয়া টেকনিক্যাল কলেজের গভর্নিং বডির সভাপতি জনাব আলহাজ্ব ছাইদুজ্জামান কর্তৃক সরকারের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৪৮৯৯/২০১১ দায়ের করা হয়।

০২. উপরিউক্ত মতে দায়েরকৃত রিট মামলার বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে অনুরোধ জানানো হয়েছিল কিন্তু ইতোমধ্যে প্রায় ০৭ বছর অতিক্রান্ত হওয়া সত্ত্বেও উক্ত পত্রের আলোকে কি কি ব্যবস্থা নেয়া হয়েছে এর হাল নাগাদ তথ্য টিএমইডিতে পাওয়া যায়নি।

০৩. উক্ত রিট মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? জবাব দাখিল না হয়ে থাকলে এর কারণ কি? কবে নাগাদ জবাব মহামান্য আদালতে দাখিল হবে? উক্ত মামলায় চূড়ান্ত আদেশ হয়েছে কিনা? হয়ে থাকলে উক্ত চূড়ান্ত আদেশের বিরুদ্ধে আপিল দায়ের হয়েছে কিনা? হয়ে থাকলে মামলার সর্বশেষ অবস্থা কী? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে আপিল দায়েরসহ এ সংক্রান্ত প্রয়োজনীয় (প্রমানকসহ) তথ্য এ বিভাগে প্রেরণ করা আবশ্যিক।

০৪. এমতাবস্থায়, উপরিউক্তমতে রিট পিটিশন নং-৪৮৯৯/২০১১ মামলার বিষয়ে হাল নাগাদ তথ্য আগামি ৩১.১০.১৮ খ্রি: এর মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে ২য় বারের মতো মহোদয়কে অনুরোধ করা হলো।


১৪.১০.১৮
(নূরজাহান বেগম)

সহকারী সচিব (অডিট ও আইন)

ফোন: ৯৫৭৫২৭২

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, আব্দুল গনি রোড, ঢাকা।

অনুলিপিঃ(সদয় অবগতি এবং প্রয়োজনীয় কার্যার্থে; জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা(সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা(বিষয়টির সাথে ডিটিই জড়িত বিধায় চাহিত তথ্য প্রেরণের অনুরোধসহ)।
৬. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, টিএমইডি, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা, পত্রটি টিএমইডি এর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮. অফিস কপি/মাস্টার কপি।